

Class - XI-Education: Term I (Half-yearly) : 2021-22 : Marks - 40

I. সঠিক উত্তর নির্বাচন করো : (MCQ)

1 x 10 = 10

1. “শিল্প হল শিক্ষার্থীর অন্তর্নিহিত সম্ভাবনার পরিপূর্ণ বিকাশ”। — এই কথাটি বলেছেন —
(i) রবীন্দ্রনাথ ঠাকুর (ii) রুশো (iii) হার্বার্ট (iv) স্বামী বিবেকানন্দ।
2. “পরিবার হল একটি সামাজিক প্রতিষ্ঠান” — কথাটি বলেছেন —
(i) জন ডিউই (ii) ব্যালার্ড (iii) অরবিন্দ (iv) জন লক।
3. ভারতের প্রথম শিক্ষা কমিশনটির নাম হল —
(i) কোঠারি কমিশন (ii) বিশ্ববিদ্যালয় কমিশন (iii) হান্টার কমিশন (iv) মুদালিয়র কমিশন।
4. “সমাজ হল সম্পর্কের জাল” — কথাটি বলেছেন —
(i) হিউম (ii) গান্ধিজী (iii) ম্যাকাইবার (iv) জনসন।
5. ব্রাহ্মণ্য শিক্ষায় শিক্ষা শুরুর অনুষ্ঠানটির নাম হল —
(i) প্ররজ্যা (ii) শ্রমণ (iii) উপনয়ন (iv) উপসম্পদা।
6. শিক্ষালাভের প্রথম পর্যায়টিকে বলে —
(i) প্রাকবাল্যকাল (ii) শৈশবকাল (iii) বাল্যকাল (iv) বয়ঃসন্ধিকাল।
7. দুরাগত শিক্ষা হল ——— শিক্ষার একটি আধুনিক রূপ। (শূন্যস্থান পূরণ কর)
(i) নিয়ন্ত্রিত শিক্ষা (ii) অনিয়ন্ত্রিত শিক্ষা (iii) প্রথা বর্হিভূত শিক্ষা (iv) আনুষ্ঠানিক শিক্ষা।
8. সমাজ বিজ্ঞানীদের মতে সমাজের ধরণ হলো —
(i) দুই ধরনের (ii) পাঁচ ধরনের (iii) তিন ধরনের (iv) চার ধরনের।
9. শিক্ষার মুখ্য উপাদানগুলি হল —
(i) ৭টি (ii) ৬টি (iii) ৫টি (iv) ৪টি।
10. ব্রাহ্মণ্য শিক্ষাব্যবস্থায় শিক্ষা শেষের অনুষ্ঠান বলে —
(i) উপনয়ন (ii) নিদিধ্যাস (iii) সমাবর্তন (iv) অষ্টমার্গ।

II. নিচের প্রশ্নগুলির প্রতিটি একটি শব্দে বা বাক্যে দাও :

1 x 20 = 20

11. সনদ আইন কত খ্রিষ্টাব্দে প্রবর্তিত হয় ?
12. শিক্ষা শব্দটি সংস্কৃত কোন ধাতু থেকে এসেছে ?
13. কাকে আধুনিক শিক্ষার জনক বলা হয় ?
14. অনিয়ন্ত্রিত শিক্ষার মাধ্যমগুলি কী কী ?
15. সমাজের উপাদানগুলি কী কী ?
16. School শব্দটির উৎপত্তি কোথা থেকে ?
17. ‘সমাজ’ শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ কী ?
18. সামাজিক পরিবর্তনের কারণ কী কী ?
19. বৈদিক শিক্ষার লক্ষ্য কি ছিল ?
20. কোন সময়কালকে প্রাচ্য ও পাশ্চাত্যের দ্বন্দ্বের যুগ বলা হয় ?
21. প্রাচীন ভারতীয় শিক্ষায় দুটি ধারা লক্ষ করা যায় — এগুলি কী কী ?

22. সামাজিকীকরণের মাধ্যম কী কী?
23. GNOU এর পুরো নাম কী?
24. “শিক্ষা হল জ্ঞান অর্জনের প্রক্রিয়া” — এটি কী ধরনের শিক্ষার সংজ্ঞা?
25. শিক্ষায় সমসুযোগ বলতে কী বুঝায়?
26. শিশু শিক্ষার ক্ষেত্রে প্রধান লক্ষ্য কী?
27. দূরশিক্ষার নৈতিক বিকাশের দিকগুলি কী কী?
28. শিশুর নৈতিক বিকাশের দিকগুলি কী কী?
29. ডেমপ্যাচে সরকার শিক্ষার বাহনরূপে কোন ভাষাকে ব্যবহার করতে চান?
30. যেকোন শিক্ষা পরিকল্পনা সার্থক রূপায়নের জন্য কী দরকার?

III. নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

2 x 5 = 10

31. শিক্ষার কাজ কী?
32. অনিয়ন্ত্রিত বা প্রথাবর্জিত শিক্ষা কাকে বলে?
33. সমাজ বলতে কী বুঝায়?
34. পরবিদ্যা কাকে বলে?
35. বর্তমান সমাজে কর্মকেন্দ্রিক শিক্ষার ওপর জোড় দেওয়ার কারণ কী?